[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মাধ্যমে কর্মদক্ষ করে গড়ে তুলতে পারলে তারাও সংসারের হাল ধরতে পারবে।

মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহাম্মেদ এর সভাপতিত্বে এলজি এসপি-৩ এর আওতায় মানব সম্পদ উন্নয়ন হত দরিদ্রদের মাঝে সেলাই মেশিন সরবরাহ অনুুষ্ঠানে বাওট বাধাগ্রস্থ শিশু বিদ্যালয়ের পরিচালক এনামুল হক,ইউপি সদস্য সাহাবুদ্দিনসহ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্তিত ছিলেন । মোট ১৬ জনকে একটি করে সেলাই মেশিন বিতরণ করা হয়।
মেপ্র/নিজস্ব প্রতিনিধি

গাংনীর বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ম্যানিজিং কমিটির নির্বাচন বাতিল চেয়ে রিট

মেহেরপুরের গাংনীর বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পর্ষদ নির্বাচনে নানা অনিয়মের অভিযোগে পৃথক দুটি মামলা দায়ের করা হয়েছে। সম্প্রতি একটি হাইকোর্ট বেঞ্চে অপরটি মেহেরপুর দেওয়ানী আদালতে মামলা দুটি দায়ের করা হয়। একটি মামলায় আদেশ দিলেও অন্য একটি মামলায় শুনানীর জন্য অপেক্ষমান রয়েছে।

বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পর্ষদের সাবেক সভাপতি মশিউর রহমান হাসান জানান, নানা অনিয়মের অভিযোগে তিনি মেহেরপুর দেওয়ানী আদালতে একটি মামলা দায়ের েকেছন যার নং ৩৮/১৯। মামলাটি আমলে নিয়ে কারণ দর্শানোর ও তদন্তের নির্দেশ দিয়েছে আদালত।

তিনি বলেন, নিয়মনীতিকে তোয়াক্কা না করেই বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পর্ষদ নির্বাচনে অবৈধ ভাবে ভোটার তালিকা করে নির্বাচন করে। মেহেরপুর দেওয়ানী ৩৮/১৯ নং মামলা সূত্রে ও বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পর্ষদের সাবেক সভাপতি মশিউর রহমান হাসান জানান, তিনি গত ২৮/০২/২০০২ সালে ৭৫ হাজার টাকা চাঁদা প্রদান করে আজীবন দাতা সদস্য হিসেবে দায়িত্ব পালন করে

আসছি।

ইতোপূর্বে অভিভাবক সদস্য ও পরপর ৩ বার সভাপতির দায়িত্ব পালন করি। কিন্তু বিধি মালা লঙ্ঘন করে তৎকালিন দাতার সদস্য প্রয়াত আকবর আলীর নাতিন ছেলে গিয়াস উদ্দীনকে দাতা সদস্য করে। সাবেক দাতা সদস্য’র কোন উত্তরসূরি টাকা জমা না দিলে দাতা সদস্য হতে পারবেনা এমন নিয়ম থাকলেও প্রধান শিক্ষক গোপনে সেই নিয়মকে ভঙ্গ করে গিয়াস উদ্দীনকে দাতা সদস্য করেছে।

প্রধান শিক্ষক মো: মনিরুল ইসলাম খসড়া ভোটার তালিক প্রনয়ন করিবার সময় বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানিজিং কমিটি প্রবিধান মালা ২০০৯ অনুসরণ না করে ষড়যন্ত্রেও মাধ্যমে মনগড়া ও নিজ পছন্দের ব্যক্তিকে ভোটার হিসেবে অন্তভুক্ত করিয়া এবং অপছন্দের ব্যক্তি ভোটার হিসেবে অন্তভুক্ত না করিয়া ভোটার তালিকা প্রনয়ন করে। এ অবৈধ কাজের প্রতিবাদ করলে প্রধান শিক্ষক ক্ষিপ্ত হয়ে মশিউর রহমান হাসানকে আজীবন দাতা সদস্য না করেই ভোটার তালিকা থেকে বাদ দিয়ে ভোটার তালিকা প্রনয়ন করেন। এছাড়া বিদ্যালয় পরিচালনা পর্ষদের মেয়াদ উর্ত্তীণের ৮০ দিন পুর্বে সকল শ্রেনীর সদস্য পদের জন্য পূথক পূথক খসড়া ভোটার তালিক প্রনয়নের বিধান থাকলেও তা করেনি প্রধান শিক্ষক মনিরুল ইসলাম। অপরদিকে বিদ্যালয় অধ্যয়নরত সকল শিক্ষার্থীর অভিভাবককে ভোটার তালিকায় অন্তভুক্ত করার বিধান থাকলেও প্রধান শিক্ষক মনিরুল ইসলাম তা করেনি। এমনকি নোটিশ বোর্ডের ভোটার তালিকা টাঙ্গানো হয়নী।

মামলার আরজিতে আরো বলা হয়েছে,প্রধান শিক্ষক মনিরুল ইসলাম তার পছন্দের ব্যক্তিকে ম্যানিজিং কমিটির সদস্য করার জন্য পরিকল্পিত ভাবে ৬ষ্ট শ্রেনী থেকে ১০ম শ্রেনী পর্যন্ত ৬৩ জন ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবকের নাম ভোটার তালিকায় ভুলভাবে লিপিবদ্ধ করেছে। এছাড়া ২ নং বিবাদী গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার খেয়াল খুশিমত ঈদুল আজহার ছুটিতে দৈনিক চুয়াডাঙ্গা পত্রিকায় গত ৮ আগষ্ট তফশিলের বিজ্ঞপ্তি প্রকাশ করে।

তফসিল অনুযায়ী মনোনয়ন পত্র উত্তোলন ও জমা ৯,১০ ও ১১ আগষ্ট। বাছাই ১৪ আগষ্ট ও প্রত্যাহার ১৬ আগষ্ট ভোট গ্রহন ২৯ আগষ্ট। অপরদিকে ভুয়া ভোটারদের দিয়ে নির্বাচন কার অভিযোগে নির্বাচন বাতিল চেয়ে হাইকোর্টে একটি রিট করেছেন জামিরুল ইসলাম নামের এক অভিভাবক সদস্য। রিট নং ৯৯৬৫/২০১৯। রিটটি শুনানীর জন্য অফেক্ষমান রয়েছে। ১ নং বিবাদী প্রধান শিক্ষক মো: মনিরুল ইসলামের মোবাইল

মেহেরপুরে মাদার সহায়তার আওতায় হেলথ ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসুচীর আওতায় উপকার ভোগীদের হেলথ ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর এ অনুষ্ঠানের আয়োজন করে।

উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান।
বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক। এসময় সহকারি কমিশনার ভুমি সুখময় সরকার,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। উপকার ভোগীদের মধ্যে বিভিন্ন প্রকার সামগ্রি বিতরণ করা হয়।

মেপ্র/ নিজস্ব প্রতিনিধি

গাংনীতে ইউপি সদস্যর হামলায় গ্রাম পুলিশ আহত

মেহেরপুরের গাংনীতে গ্রাম পুলিশের বাড়িতে হামলা ভাংচুর লুটপাট ও মারধরে অভিযোগ উঠেছে ইউপি সদস্য আলী হোসেন ও তার ক্যাডার

বাহিনীর বিরুদ্ধে।

গতকাল বুধবার দিবাগত মধ্যে রাতে উপজেলার কাষ্টদহ গ্রামে এ ঘটনা ঘটে। এ ঘটনার বিচার দাবি করে গ্রাম পুলিশ শ্রী দূর্গা চরণ দাস মেহেরপুরের পুলিশ সুপার ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দায়ের করেছেন। শ্রী দূর্গা চরণ দাস ষোলটাকা ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ হিসেবে কর্মরত রয়েছে। সে কাষ্টদহ গ্রামের অমূল্যে দাসের ছেলে।

গ্রাম পুলিশ শ্রী দূর্গা চরণ দাস জানান, ষোলটাকা ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের (বানিয়াপুকুর-কাষ্টদহ) সদস্য মো: আলী হোসেন ঘটনার রাতে মোবাইল ফোনের মাধ্যমে বাড়ির পার্শে ডেকে নেয়। এরপর পুলিশকে কেন সহায়তা করিস এমন কথা বলতে বলতে ইউপি সদস্য আলী হোসেন ও তার সাথে থাকা হত্যা,ডাকাতি,অপহরণ ও অস্ত্র সহ বিভিন্ন মামলার আসামী কাষ্টদহ গ্রামের সামছুলের ছেলে লিল্টু। একই গ্রামের মোমিন আলীর ছেলে মিনা হোসেন, জিনারুল ইসলাম, আবু বক্করের ছেলে লাল্টু, ইউনুছ আলীর ছেলে হাউস, ইয়াকুবের ছেলে ইয়ামিন আমাকে বেধড়ক মারপিট করে এবং ৭ হাজার টাকা ও ২টা মোবাইল ফোন কেড়ে নেয়।

গ্রাম পুলিশ শ্রী দূর্গা চরণ দাস আরো জানান, মেহেরপুরের পুলিশ সুপার ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দায়ের করার পর অভিযুক্ত আমার বাড়িতে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট করে হত্যার হুমকি দিচ্ছে। আমি সংখ্যালঘু হওয়ার কারণে পরিবার নিয়ে আমি নিরাপত্তাহীনতায় ভুগছি।

হিন্দু ঐক্য পরিষদের গাংনী উপজেলা সভাপতি শ্রী ধিরেন দাস জানান, গ্রাম পুলিশ শ্রী দূর্গা চরণ দাস সে সরকারী চাকুরী করে। সরকারী দায়িত্ব পালন করতে গিয়ে কোন ভাবেই সংখ্যালঘু নির্যাতন মেনে নেয়া হবেনা। অবিলম্বে অভিযুক্তদের গ্রেফতার পূর্বক দৃষ্টান্ত মুলক শাস্তি দিতে হবে। অভিযুক্তদের গ্রেফতারে ব্যার্থ হলে মানববন্ধন সহ নানা কর্মসূচী দেয়া হবে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, অভিযোগ পেয়েছি। আইনগত ব্যবস্থা নেয়া হবে।

অভিযুক্ত ইউপি সদস্য মো: আলী হোসেন জানান, হামলা লুটপাটের সাথে আমি জড়িত নয়। বরং আমি গ্রাম পুলিশ শ্রী দূর্গা চরণ দাস কে রক্ষা করার চেষ্টা করেছি। কারা হামলার সাথে জড়িত জানতে চাইলে মোবাইল ফোন কেটে দেন।

গাংনীতে ৭ দফা দাবীতে প্রাথমিক শিক্ষক সমিতির মানববন্ধন

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি ঘোষিত সহকারি শিক্ষকদের ১১তম ও প্রধান শিক্ষকদের ১০ম গ্রেড প্রদানসহ ৭ দফা দাবীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতি বেলা ৩ টার সময় মেহেরপুরের গাংনী উপজেলা পরিষদ চত্বরে মানববন্ধন করেন গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির গাংনী উপজেলা শাখার সভাপতি পারভেজ সাজ্জাদ রাজার সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির মেহেরপুর জেলা শাখার সভাপতি হাফিজুর রহমান বকুল, উপজেলা শাখার সাধারণ সম্পাদক মোঃ আমানুল্লাহ। শিক্ষক নেতা মাজহারুল ইসলাম, গোলাম ফারুকসহ অন্যান্যরা। গাংনী উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দরা মানববন্ধনে উপস্থিত ছিলেন। পরে গাংনী উপজেলা নির্বাহী অফিসার বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

মেপ্র/ নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে ৭ দফা দাবীতে প্রাথমিক শিক্ষক সমিতির

মানববন্ধন

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি ঘোষিত সহকারি শিক্ষকদের ১১তম ও প্রধান শিক্ষকদের ১০ম গ্রেড প্রদানসহ ৭ দফা দাবীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ৩ টার সময় মেহেরপুরের গাংনী উপজেলা পরিষদ চত্বরে মানববন্ধন করেন গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির গাংনী উপজেলা শাখার সভাপতি পারভেজ সাজ্জাদ রাজার সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির মেহেরপুর জেলা শাখার সভাপতি হাফিজুর রহমান বকুল, উপজেলা শাখার সাধারণ সম্পাদক মোঃ আমানুল্লাহ। শিক্ষক নেতা মাজহারুল ইসলাম, গোলাম ফারুকসহ অন্যান্যরা।

গাংনী উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দরা মানববন্ধনে উপস্থিত ছিলেন। পরে গাংনী উপজেলা নির্বাহী অফিসার বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

মেপ্র/নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে মাদার সহায়তার আওতায় হেলথ ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসুচীর আওতায় উপকার ভোগীদের হেলথ ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর এ অনুষ্ঠানের আয়োজন করে।

উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান। বিশেষ

অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

এসময় সহকারি কমিশনার (ভুমি) সুখময় সরকার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। উপকার ভোগীদের মধ্যে বিভিন্ন প্রকার সামগ্রি বিতরণ করা হয়।

মেপ্র/নিজস্ব প্রতিনিধি